দৈনিক ইনকিলাব

তারিখ AUG 12 1999
পৃষ্ঠা 7 কলাম 6

50

# সাদত কলেজের ঘটনায় শিক্ষক পরিষদের উদ্বেগ প্রকাশ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ৯ আগস্ট (সোমবার) সরকারী সাদত কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত অনার্স পার্ট-১ ও সাবসিডিয়ারী পরীক্ষায় কতিপয় পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে প্রিন্সিপাল ও শিক্ষকদের উপর হামলা, ছাত্র-পুলিশ সংঘর্ষ এবং একজন বহিরাগত মাদ্রাসা ছাত্রের মৃত্যুতে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলার এবং মহাসচিব প্রফেসর মোঃ শাহজাহান মিয়া তীব্র ক্ষোভ ও গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা এ ঘটনাকে জাতির জন্য অবমাননাকর এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার ক্ষেত্রে চরম আঘাত বলে অভিমত ব্যক্ত করেছেন। তারা উক্ত ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান এবং একই সাথে উক্ত কলেজের শিক্ষক-কর্মচারীদের নিরাপত্তা ও মর্যাদা রক্ষাকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি জোর দাবী জানান।